

SHSAT-এর ফলাফল এসে গেছে!

প্রিয় পরিবারবর্গ,

যেসব শিক্ষার্থী 2021 সালের ডিসেম্বরে স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT) দিয়েছিলেন, তাদের ফলাফল এখন পাওয়া যাচ্ছে! স্মরণ করিয়ে দিচ্ছি, এই পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা পরীক্ষা গ্রহণকারী আটটি স্পেশালাইজড হাই স্কুলে ভর্তির আবেদন করে।

আপনার সন্তান SHSAT দিয়ে থাকলে এখন আপনি তার ফলাফল অনলাইনে [MySchools.nyc](https://myschools.nyc.gov) -এ অথবা আপনার স্কুল কাউন্সেলর-এর কাছ থেকে পেতে পারেন; আপনি যদি মাইস্কুলস্-এ “Just email me” (আমাকে শুধু ইমেইল করে দিন) বেছে না নিয়ে থাকেন, তাহলে আপনি ডাকযোগেও একটি ফলাফলের চিঠি পাবেন।

ফলাফল এবং অফার

1. আপনার সন্তানের ফলাফলে অন্তর্ভুক্ত থাকবে আপনার সন্তানের SHSAT স্কোর।
2. আপনার সন্তানের ফলাফলে সর্বোচ্চ একটি [পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলের](#) অফার থাকতে পারে। SHSAT-তে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলগুলোতে অফার লাভ করে না, এবং স্পেশালাইজড হাই স্কুলগুলোর কোনো অপেক্ষা-তালিকা নেই।

আপনার সন্তান যদি একটি পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলে অফার পেয়ে থাকে, তাহলে সেটা গ্রহণ করতে এখন আপনাকে কিছু করতে হবে না।

পরবর্তী ধাপসমূহ

জুন মাসে, হাই স্কুল অফারগুলো পাওয়া যাবে।

- আপনার সন্তানের হাই স্কুল অফারের চিঠিতে হাই স্কুল আবেদন প্রক্রিয়া থেকে সর্বোচ্চ একটি অফার অন্তর্ভুক্ত থাকবে, কোনো অপেক্ষা-তালিকা থাকলে সেটার তথ্য, এবং লাগোয়ার্ডিয়া হাই স্কুলের ফলাফল (যদি আপনার সন্তান অডিশন দিয়ে থাকে)।
- আপনার সন্তান যদি তার আবেদন থেকে কোনো একটি প্রোগ্রামে এবং একটি স্পেশালাইজড হাই স্কুলে অফার লাভ করে, তাহলে জুন মাসে তার অফারের চিঠিতে এসব অফার থেকে একটি বেছে নেওয়ার শেষ তারিখ অন্তর্ভুক্ত থাকবে।
- যদি আপনার সন্তানকে আগামীতে একটি চার্টার স্কুলে, কোনো বেসরকারি/ধর্মীয় স্কুলে অংশগ্রহণের জন্য NYC DOE পাবলিক স্কুল ত্যাগ করবে, অথবা 2022-এর সেপ্টেম্বরের শুরু থেকে NYC-র বাহিরের কোনও স্কুলে যাবে, তাহলে আপনি হাই স্কুল অফারের চিঠি প্রাপ্তির পরে “opt out” (প্রত্যাহার করা) বেছে নিতে পারেন।

আপনার সন্তানের ফলাফল সম্পর্কে কোনো প্রশ্ন আছে কি?

- [এই ভিডিও থেকে](#) কীভাবে শিক্ষার্থী আটটি পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলে অফার লাভ করে, তা জানুন।
- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন।
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#)-এর সাথে যোগাযোগ করুন।
- আমাদের ভিডিওগুলো দেখতে এবং আরও জানতে schools.nyc.gov/SHS দেখুন।

আপনাকে ধন্যবাদ!

হাই স্কুল অ্যাডমিশন্স টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট